মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৫/ ৮৪৭ তারিখ : ০১/১১/২০১৫খ্রি.

বিষয় : প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান

সূত্র : নং- ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩/২৮৫, তারিখ : ২৩/০৭/২০১৫খ্রি.

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানাচ্ছি যে, কলেজ মঞ্জুরী কমিটির অনুমোদন সাপেক্ষে হারতা উচ্চমাধ্যমিক বিদ্যালয়, ডাক: হারতা, উপজেলা: উজিরপুর, জেলা: বরিশাল-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে **"স্ব-অর্থায়নে ও এমপিও দাবী না করার শর্তে"** নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তিসহ প্রাথমিক পাঠদানের অনুমতি ০১/০৭/২০১৬ থেকে ৩০/০৬/২০১৭ পর্যন্ত প্রদান করা হলো।

পাঠদানের অনুমতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় মেয়াদ বৃদ্ধি করা না হলে উক্ত অনুমতি বাতিল হয়ে যাবে এবং এতদ্‌সংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে শিক্ষাবোর্ড বিরত থাকবে।

শাখা	বিষয়
১। আবশ্যিক বিষয়	: বাংলা, ইংরেজি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল শাখার জন্য)
২। নৈর্ব্যাচনিক বিষয়	
ক) মানবিক শাখা	: অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইতিহাস, সমাজকর্ম, যুক্তিবিদ্যা
খ) ব্যবসায় শিক্ষা শাখা	: ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন
গ) সকল শাখার জন্য	: কৃষি শিক্ষা

শর্তাবলী

০১। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে
০২। ভবিষ্যতে সরকারি অনুদান বা আর্থিক মঞ্জুরীর জন্য আবেদন করতে পারবে না বা কোন অনুদান দাবী করা যাবে না
০৩। একাদশ শ্রেণীতে পাঠদানের অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না
০৪। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করতে হবে এবং প্রতি বিষয়ে ন্যূনতম ২৫জন পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে এর ৫০% পাস করতে হবে
০৫। জনবল কাঠামো ২০১০ এর অতিরিক্ত শিক্ষক-কর্মচারী নিয়োগ করা যাবে না এবং নিবন্ধনধারী/ইনডেক্সধারী শিক্ষক নিয়োগ করতে হবে। এক্ষেত্রে মহিলা কোটার শর্ত পূরণ করতে হবে
০৬। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না
০৭। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদাহরণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না
০৮। বোর্ড কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে
০৯। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে
১০। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না
১১। আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
১২। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
১৩। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় এ আদেশ প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

০১.১১.১৫

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল
ফোন : ০৪৩১-৬৪৭৪৫

প্রতিষ্ঠান প্রধান
হারতা উচ্চমাধ্যমিক বিদ্যালয়
ডাক: হারতা, উপজেলা: উজিরপুর, জেলা: বরিশাল

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি
০২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৪। পরিচালক, ব্যানবেইস, ঢাকা
০৫। জেলা প্রশাসক, বরিশাল
০৬। উপজেলা নির্বাহী অফিসার, উজিরপুর, বরিশাল
০৭। পরীক্ষা নিয়ন্ত্রক, বশিবো
০৮। জেলা শিক্ষা অফিসার, বরিশাল
০৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উজিরপুর, বরিশাল
১০। প্রোগ্রামার, বশিবো (পত্রটি অন-লাইনে প্রচারের জন্য)
১১। সংরক্ষণ নথি